

ব্যাঙ্ক কতৃক তথ্য প্রদর্শন

আরবিআই/ 2014-15/422

ডিবিআর.এলইজি.নং.বিসি.64/09.07.005/2014-15

জানুয়ারি 22, 2015

সকল তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ

(আরআরবি-গুলি ব্যতীত)

মাননীয় মহাশয়/মহাশয়া

ব্যাঙ্ক কতৃক তথ্য প্রদর্শন

ব্যাঙ্কসমূহের কাজে স্বচ্ছতা প্রসারের লক্ষ্যে তথ্য প্রদর্শন-এর বিষয়ে আমাদের 22 আগস্ট, 2008 তারিখাঙ্কিত ডিবিওডি.এলইজি.নং.বিসি.33/09.07.05/2008-09 এবং 12 সেপ্টেম্বর, 2008 তারিখাঙ্কিত ডিবিওডি.এলইজি.বিসি.42/09.07.005/2008-09 সার্কুলারগুলি দেখুন।

2. ঋণ-এর মূল্যনির্ধারণের উপর গঠিত ওয়ার্কিং গ্রুপ-এর সুপারিশের ভিত্তিতে, ঋণ-এর মূল্য নির্ধারণে অধিকতর স্বচ্ছতা আনার উদ্দেশ্যে, ব্যাঙ্কসমূহকে নিম্নলিখিত অতিরিক্ত নির্দেশগুলি মেনে চলতে বলা হল।

(এ) ওয়েবসাইট:

- I. ব্যাঙ্কসমূহকে গত ত্রৈমাসিকে এক একজন ঋণগ্রহীতাকে চুক্তির ভিত্তিতে দেওয়া বিভিন্ন প্রকার ঋণের সুদের হারের পরিসর এবং সেই সুদের হারের গড় (mean) তাদের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- II. গ্রাহকদের তথ্যনির্ভর সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে স্বচ্ছতা ও পারস্পরিক তুলনা এবং বিভিন্ন প্রকার ঋণের ক্ষেত্রে এক একজন ঋণগ্রহীতাকে মোট কত ফি এবং চার্জ দিতে হয় তা ঋণের প্রক্রিয়াকরণের সময় প্রকাশ করতে হবে এবং তার সঙ্গে ব্যাঙ্কের ওয়েবসাইটেও তা প্রদর্শন করতে হবে।
- III. গ্রাহকগণ বিভিন্ন ঋণপ্রকল্প (Products) এবং/অথবা ঋণদাতাগণের ঋণমূল্যের মধ্যে যাতে তুলনা করতে পারেন তাই ব্যাঙ্কসমূহকে বার্ষিক শতকরা হার (এপিআর) বা এরকম সমতুল ব্যবস্থা যা এক একজন ঋণগ্রহীতাকে দেওয়া ঋণের সর্বমোট মূল্য বোঝায় তা ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করতে হবে।

(বি) মূল বিবৃতি/ তথ্য পত্র

ঋণ প্রক্রিয়াকরণের প্রত্যেক পর্যায়ে এবং তার সাথে বিধি ও শর্তাদি-র কোনও পরিবর্তনের সাপেক্ষে ব্যাঙ্কসমূহকে, সংযোজিত অংশে নির্ধারিত বিন্যাস অনুসারে স্বচ্ছভাবে, একত্রীকৃতভাবে এক পাতার মূল তথ্য বিবৃতি/ তথ্য পত্র প্রত্যেক ঋণগ্রহীতাকে প্রদান করতে হবে।

3. উপরে বর্ণিত নির্দেশগুলি কার্যকর করতে পর্যাপ্ত সময় দেবার উদ্দেশ্যে, এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে উপরে বর্ণিত অতিরিক্ত মূলনীতিগুলি (Guidelines) 01 এপ্রিল, 2015 থেকে লাগু হবে।

আপনার বিশ্বস্ত,

(এ কে পান্ডে)

মুখ্য মহা প্রবন্ধক

মূল তথ্য বিবৃতি

ঋণ.....(নির্দিষ্ট ঋণ প্রকল্পের নাম)

1	ঋণের পরিমাণ	
2	ঋণের মেয়াদ	
3	সুদের প্রকৃতি (স্থায়ী বা ক্লেটিং)	
4	(এ) ধার্য সুদ (ক্লেটিং হারে ঋণের ক্ষেত্রে) (বি) ধার্য সুদ (স্থায়ী হারে ঋণের ক্ষেত্রে)	(এ)...%(বেস রেট +...) (বি)...%
5	নতুন করে সুদ নির্ণয় করার তারিখ	
6	সুদ-এর পরিবর্তন জানানোর মাধ্যম	
7	দেয় ফি	
এ	আবেদনের সময় (পৃথকভাবে সকল প্রকার ফি নির্দিষ্ট করে জানান)	
বি	ঋণের মেয়াদকালে (পৃথকভাবে সকল প্রকার ফি নির্দিষ্ট করে জানান)	
সি	মেয়াদ ফুরানোর আগে ঋণচুক্তি শেষ (foreclosure)করার সময় (পৃথকভাবে সকল প্রকার ফি নির্দিষ্ট করে জানান)	
ডি	ঋণ নামঞ্জুর/ অবনতি হলে ফেরতযোগ্য ফি	
ই	ক্লেটিং থেকে স্থায়ীহারে বা তার বিপরীতক্রমে সুদ-এর পরিবর্তনের ক্ষেত্রে দেয় চার্জ	
এফ	বিলম্বিত অর্থপরিশোধ-এর ক্ষেত্রে নির্ধারিত শাস্তিমূল্য	
8	দেয় ইএমআই	
9	গৃহিত ঋণপত্র/কোল্যাটেরাল-এর বিবরণ	
10	বার্ষিক আউটস্ট্যান্ডিং ব্যালানস স্টেটমেন্ট প্রকাশের তারিখ	
নোট: মূল তথ্য বিবৃতির ফন্ট সাইজ কমপক্ষে এরিয়েল-12 মাপের হতে হবে		